

প্রশ্নফাঁস বন্ধের ব্যাপারে সংশ্লিষ্টরা উদাসীন কেন

৩ জুলাই ২০১৯ ০০:০০

আপডেট: ৩ জুলাই ২০১৯ ০৯:০৪



সংবাদ প্রতিদিন
আমাদের সময়

শিক্ষা জাতির মেরুদণ্ড। যে জাতি যত বেশি শিক্ষিত, সে জাতির মেরুদণ্ড- তত বেশি মজবুত ও উন্নত। সাধারণত শিক্ষা মানুষের নৈতিক ও মানসিক শক্তি জোগায়। শিক্ষার গুরুত্বপূর্ণ বিষয় বাংলাদেশে মহাবিপর্য়ন্ত। প্রশ্নফাঁসের মতো নানারকম সমস্যায় জর্জরিত আমাদের শিক্ষাব্যবস্থা।

পিইসি, জেএসসি, মাধ্যমিক, উচ্চমাধ্যমিকসহ নানা সরকারি চাকরির পরীক্ষা, বিশ্ববিদ্যালয় এবং মেডিক্যালের পরীক্ষায় প্রশ্নফাঁসের ঘটনা প্রতিনিয়ত ঘটছে। কয়েকদিন আগে অনুষ্ঠিত হয়ে যাওয়া প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় যে হারে প্রশ্নফাঁসের ঘটনা ঘটেছে তা বলার অপেক্ষা রাখে না। প্রশ্নফাঁস নিয়মিত ঘটনায় পরিণত হয়েছে, যা রোধ করা যাচ্ছে না। এমনটা চলতে থাকলে আমাদের শিক্ষাব্যবস্থা ভেঙে পড়বে, শিক্ষার মান থাকবে না। প্রকৃত ও আদর্শ শিক্ষা থেকে বঞ্চিত হবে দেশ ও জাতি।

প্রশ্নফাঁসের ঘটনা স্পষ্ট হলেও সংশ্লিষ্টরা বন্ধের ব্যাপারে উদাসীন কেন? প্রশ্নফাঁসের কারণগুলো চিহ্নিত করে দৃঢ় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।
নুরুজ্জামান মাহমুদ বায়জিদ, শিক্ষার্থী, ইসলামিক স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়